# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

**পর্ব - ১০**

**সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর**

**(পাঠ পরিকল্পনা - ১০ অনুসারে)**

আলোচ্য বিষয়:

অংশীদারি ব্যবসায়ের হিসাব

হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

দ্বাদশ শ্রেণি

মুহম্মদ জিয়াউর রহমান

সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

০১৬১০-৯৩৫৩৫৬

# <u>নমুনা প্রশ্ন - ০১</u>

# [ঢাকা শিক্ষা বোর্ড ২০১৯]

তারা, ঝরা ও হিরা একটি অংশীদারি কারবারের ৩ জন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান ২:২:১ অনুপাতে বন্টন করে নেয়। ১ জানুয়ারি ২০১৯ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। তারা মূলধন ও উত্তোলনের উপর ৫% হারে সুদ ধার্য সিদ্ধান্ত নেয়। তারা সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসিক ৩,০০০ টাকা বেতন পাবে.উক্ত বছরে তারা, ঝরা ও হীরার উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৯,০০০ টাকা, ৬,০০০ টাকা ও ৩,০০০ টাকা।

উপর্যুক্ত সমন্বয়সাধনের পূর্বে ৩১ডিসেম্বর ২০১৯ তারিখে কারবারের নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৬৫,০৫০ টাকা।

ক। অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় করো।

খ। অংশীদারদের লাভ লোকসান আবন্টন হিসাব প্রস্তুত করো।

গ। অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো।

## <u>১(ক) নং প্রশ্নের উত্তর:</u>

অংশীদারদের উত্তোলনের সুদ এর পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| তারা (৯,০০০× ৫%×৬/১২) | ২২৫.০০ |
| ঝরা (৬,০০০×৫%×৬/১২) | ১৫০.০০ |
| হিরা (৩,০০০×৫%×৬/১২) | ৭৫.০০ |
| মোট = | <u>৪৫০.০০</u> |

## <u>১(খ) নং প্রশ্নের উত্তর:</u>

তারা ঝরা ও হিরা

লাভ লোকসান আবন্টন হিসাব

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

ডে. ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব (মূলধনের সুদ) | | লাভ লোকসান হিসাব (নিট লাভ) | ৬৫,০৫০ |
| তারা (৬০,০০০×৫%) ৩,০০০ | | অংশীদারদের মূলধন হিসাব (উত্তোলনের সুদ) | |
| ঝরা (৫০,০০০×৫%) ২,৫০০ | | তারা ২২৫ | |
| হিরা (৩০,০০০×৫%) <u>১,৫০০</u> | | ঝরা ১৫০ | |
| | ৭,০০০ | হিরা <u>৭৫</u> | |
| তারার মূলধন হিসাব (বেতন)(৩,০০০×১২) | ৩৬,০০০ | | ৪৫০ |
| অংশীদারদের মূলধন হিসাব (মুনাফার অংশ) | | | |
| তারা (২২,৫০০×২/৫) ৯,০০০ | | | |
| ঝরা (২২,৫০০×২/৫) ৯,০০০ | | | |
| হিরা (২২,৫০০×১/৫) <u>৪,৫০০</u> | | | |
| | ২২,৫০০ | | |
| | <u>৬৫,৫০০</u> | | <u>৬৫,৫০০</u> |

**প্রয়োজনীয় গণনা ও কার্যটীকা:**

**৯। মুলধনের সুদ নির্ণয়:**
তারা- (৬০,০০০×৫%)=৩,০০০ টাকা
ঝরা-(৫০,০০০×৫%)=২,৫০০ টাকা
হিরা-(৩০,০০০×৫%)=১,৫০০ টাকা

**৯। বন্টনযোগ্য মুনাফা বন্টন**
লাভ-ক্ষতি বন্টন অনুপাত- তারা: ঝরা: হিরা = ২:২:১
বন্টনযোগ্য মুনাফা- ২২,৫০০ টাকা।
তারা- (২২,৫০০×২/৫)=৯,০০০ টাকা
ঝরা-(২২,৫০০×২/৫)=৯,০০০ টাকা
হিরা-(২২,৫০০×১/৫)=৪,৫০০ টাকা

**১(গ)নং প্রশ্নের উত্তর**
**তারা, ঝরা ও হিরা**
**অংশীদারদের মুলধন হিসাব**

ডে. প্রে.

| তারিখ | বিবরণ | তারা(টাকা) | ঝরা(টাকা) | হিরা(টাকা) | তারিখ | বিবরণ | তারা(টাকা) | ঝরা(টাকা) | হিরা(টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | ২০১৯ | | | | |
| ডিসে-৩১ | উত্তোলন | ৯,০০০ | ৬,০০০ | ৩,০০০ | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৬০,০০০ | ৫০,০০০ | ৩০,০০০ |
| ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | | ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | |
| | -উত্তোলনের সুদ | ২২৫ | ১৫০ | ৭৫ | | - মূলধনের সুদ | ৩,০০০ | ২,৫০০ | ১,৫০০ |
| ডিসে-৩১ | ব্যালেন্স সি/ডি | ৯৮,৭৭৫ | ৫৫,৩৫০ | ৩২,৯২৫ | | -বেতন | ৩৬,০০০ | | |
| | | | | | | -মুনাফার অংশ | ৯,০০০ | ৯,০০০ | ৪,৫০০ |
| | | **১,০৮,০০০** | **৬১,৫০০** | **৩৬,০০০** | | | **১,০৮,০০০** | **৬১,৫০০** | **৩৬,০০০** |
| | | | | | ২০২০ | | | | |
| | | | | | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৯৮,৭৭৫ | ৫৫,৩৫০ | ৩২,৯২৫ |

# নমুনা প্রশ্ন -০২
# [যশোর শিক্ষা বোর্ড ২০১৯]

আঞ্জুমান, তানজিম ও সুমাইয়া 'পাওয়ার এন্টারপ্রাইজ'- এর ৩জন অংশীদার, যারা মূলধন অনুপাত এ ব্যবসায় লাভ লোকসান বন্টন করে নেয়। ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসেবে উদ্বৃত্ত ছিল: আঞ্জুমান ১,৫০,০০০ টাকা তানজিম ১,০০,০০০ টাকা এবং সুমাইয়া ৫০,০০০ টাকা।সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য সুমাইয়া মাসিক ২,০০০টাকা পাবেন, যা তিনি হিসাব কাল শেষেও উঠিয়ে নেন নি। মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। পণ্য উত্তোলন এর উপর ধার্য হবে না।আঞ্জুমান, তানজিম ও সুমাইয়া মুনাফার প্রত্যাশায় সারাবছর যথাক্রমে২০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকা উত্তোলন করে, যার উপর১,০০০ টাকা, ৬০০ টাকা এবং ৪০০ টাকা সুদ ধার্য করা হয়েছে। সুমাইয়া এছাড়াও প্রতিষ্ঠান থেকে ৯,০০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা পণ্য উত্তোলন শিরোনামে হিসাবভুক্ত হয়েছে।তানজিম বছরের মাঝামাঝি সময়ে ২৫,০০০ টাকা কারবারে ঋণ হিসেবে আনয়ন করে। চুক্তির শর্ত অনুযায়ী অংশীদারদের যে কোন সুদ, বেতন ও কমিশন সমন্বয় পরবর্তী মুনাফার ওপর আঞ্জুমান ৩% হারে কমিশন পাবে। বেতন ডেবিট করার পর এবং অন্যান্য সমন্বয় সাধনের পূর্বে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের কারবারের মুনাফা১,৪০,০০০ টাকায় উপনীত হয়।

ক। তানজিম এর ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো।
খ। অংশীদারদের লাভ লোকসান আবন্টন হিসাব প্রস্তুত করো।
গ। পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে মূলধন হিসাব প্রস্তুত করো।

## ২(ক) নং প্রশ্নের উত্তর

তানজিম-এর ঋণের সুদের পরিমাণ নির্ণয়:
ঋণের সুদ
= ২৫,০০০×৬%×৬/১২
= ৭৫০ টাকা

টীকা: তানজিম কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদের হার চুক্তিপত্রের উল্লেখ না থাকায় বাংলাদেশ প্রযোজ্য ১৯৩২ সালের ভারতীয় অংশীদারি আইনের বিধান অনুসারে ৬% হারে সুদ হিসাবভুক্ত করা হয়েছে।

## ২(খ) নং প্রশ্নের উত্তর

পাওয়ার এন্টারপ্রাইজ
লাভ লোকসান আবন্টন হিসাব
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

ডে. ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব (মূলধনের সুদ) | | লাভ লোকসান হিসাব (নিট লাভ) | ১,৪০,০০০ |
| আনজুম (১,৫০,০০০×৫%) | ৭,৫০০ | অংশীদারদের মূলধন হিসাব (উত্তোলনের সুদ) | |
| তানজিম (১,০০,০০০×৫%) | ৫,০০০ | আনজুম | ১,০০০ |
| সুমাইয়া(৫০,০০০×৫%) | ২,৫০০ | তানজিম | ৬০০ |
| তানজিমের ঋণ হিসাব (ঋণের সুদ) | ৭৫০ | সুমাইয়া | |
| আঞ্জুম এর মূলধন হিসাব (কমিশন) | ৩,৬৭৭ | | |
| অংশীদারদের মূলধন হিসাব (মুনাফার অংশ) | | | |
| আনজুম (১,২২,৫৭৩×৩/৬) | ৬১,২৮৬ | | |
| তানজিম (১,২২,৫৭৩×২/৬) | ৪০,৮৫৮ | | |
| সুমাইয়া (১,২২,৫৭৩×১/৬) | ২০,৪২৯ | | |
| | ১,৪২,০০০ | | ১,৪২,০০০ |

**প্রয়োজনীয় গণনা ও কার্যটীকা:**

১। অংশীদারদের মুনাফা বণ্টনের অনুপাত নির্ণয়
আনজুম : তানজিম : সুমাইয়া
= ১,৫০,০০০ : ১,০০,০০০ : ৫০,০০০
= ৩:২:১

২। আনজুমের কর্মিশন নির্ণয়:
চুক্তি অনুযায়ী যেকোনো সুদ, বেতন ও কর্মিশন সমন্বয় পরবর্তী মুনাফার ওপর আনজুম ৩% কর্মিশন পাবেন।
সুদ ও বেতন সমন্বয় পরবর্তী নিট মুনাফা = ১,৪২,০০০ টাকা ১৫,০০০ টাকা-৭৫০টাকা= ১,২৬,২৫০ টাকা
অতএব, আনজুমের কর্মিশন- (১,২৬,২৫০ টাকা ×৩/১০৩)=৩,৬৭৭ টাকা (প্রায়)

### ২(গ)নং প্রশ্নের উত্তর
### তারা, ঝরা ও হিরা
### অংশীদারদের মুলধন হিসাব

ডে.                                           ক্রে.

| তারিখ | বিবরণ | আনজুম টাকা | তানজিন টাকা | সুমাইয়া টাকা | তারিখ | বিবরণ | আনজুম টাকা | তানজিন টাকা | সুমাইয়া টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | ২০১৯ | | | | |
| ডিসে-৩১ | উত্তোলন হিসাব | ২০,০০০ | ১৫,০০০ | ৫,০০০ | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ১,৫০,০০০ | ১,০০,০০০ | ৫০,০০০ |
| ডিসে-৩১ | ক্রয় বিক্রয় হিসাব -পণ্য উত্তোলন | | | ১,২০০ | ডিসে-৩১ | লাভ-লোকসান হিসাব (বেতন) | | | ২৪,০০০ |
| ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | | ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | |
| | - উত্তোলনের সুদ | ১.০০০ | ৬০০ | ৪০০ | | - মূলধনের সুদ | ৭,৫০০ | ৫,০০০ | ২,৫০০ |
| ডিসে-৩১ | ব্যালেন্স সি/ডি | ২,০১,৪৬৩ | ১,৩০,২৫৮ | ৯০,৩২৯ | | - কমিশন | ৩,৬৭৭০ | | |
| | | | | | | - মুনাফার অংশ | ৬১,২৮৬ | ৪০,৮৫৮ | ২০,৪২৯ |
| | | <u>**২,২২,৪৬৩**</u> | <u>**১,৪৫,৮৫৮**</u> | <u>**৯৬,৯২৯**</u> | | | <u>**২,২২,৪৬৩**</u> | <u>**১,৪৫,৮৫৮**</u> | <u>**৯৬,৯২৯**</u> |
| | | | | | ২০২০ | | | | |
| | | | | | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ২,০১,৪৬৩ | ১,৩০,২৫৮ | ৯০,৩২৯ |

# নমুনা প্রশ্ন - ০৩
# [কুমিল্লা শিক্ষা বোর্ড২০১৭]

২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে সৌরভ ও রিফাত যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করে। অংশীদারী চুক্তিপত্রের বিষয়বস্তুতে নিম্নোক্ত ধারা সন্নিবেশিত ছিল:

a) সৌরভ মাসিক ১,২০০ টাকা এবং রিফাত মাসিক ৯০০ টাকা বেতন পাবে।

b) তারা মূলধনের ওপর বার্ষিক ১২% হারে সুদ পাবে।

c) রিফাত নিট লাভের উপর ৫% কমিশন পাবে।নিট লাভ থেকে অংশীদারদের বেতন ও মূলধনের সুদ চার্জ করার পর তবে কমিশন চার্জ করার পূর্বে এ কমিশন ধার্য করতে হবে।

d) সারা বছর ধরে সৌরভ ও রিফাত যথাক্রমে ৮,০০০ টাকা ও ৬,০০০ টাকা উত্তোলন করে। এছাড়াও সৌরভ ১,০০০ টাকার পণ্য উত্তোলন করে।

e) রিফাত ০১-১০-২০১৯ তারিখে কারবারে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে আনয়ন করে।

f) তারা স্থায়ী মূলধন পদ্ধতি হিসাব সংরক্ষণ করতে সম্মত হয়।

উপরোল্লিখিত সমন্বয় সাধনের পূর্বে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের কারবারের মুনাফা ছিল ২,০০,০০০ টাকা।

ক। অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো।

খ। লাভ লোকসান আবন্টন হিসাব প্রস্তুত করো।

গ। অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করো।

### <u>৩(ক) নং প্রশ্নের উত্তর:</u>
### সৌরভ ও ও রিফাত
### অংশীদারদের মুলধন হিসাব

ডেবিট                                        ক্রেডিট

| তারিখ | বিবরণ | সৌরভ টাকা | সিফাত টাকা | তারিখ | বিবরণ | সৌরভ টাকা | রিফাত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | ২০১৯ | | | |
| ডিজে-৩১ | ব্যালেন্স সি/ডি | ৬০,০০০ | ৬০,০০০ | জানু-০১ | নগদান | ৬০,০০০ | ৪০,০০০ |
| | | | | অক্টো-০১ | নগদান | | ২০,০০০ |
| | | <u>৬০,০০০</u> | <u>৬০,০০০</u> | | | <u>৬০,০০০</u> | <u>৬০,০০০</u> |
| | | | | ২০২০ | | | |
| | | | | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৬০,০০০ | ৬০,০০০ |

## ৩(খ) নং প্রশ্নের উত্তর:

সৌরভ ও রিফাত
লাভ লোকসান আবন্টন হিসাব
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

ডে. ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| অংশীদারদের চলতি হিসাব (মূলধনের সুদ) | | লাভ লোকসান হিসাব (নিট লাভ) | ২,০০,০০০ |
| সৌরভ | ৭,২০০ | সৌরভের চলতি হিসাব ( পণ্য উত্তোলন) | ১,০০০ |
| রিফাত | ৫,৪০০ | | |
| রিফাতের চলতি হিসাব (কমিশন) | ৮,৯৬০ | | |
| অংশীদারদের চলতি হিসাব বেতন) | | | |
| সৌরভ (১,২০০×১২)) | ১৪,৪০০ | | |
| রিফাত (৯০০×১২) | ১০,৮০০ | | |
| অংশীদারদের চলতি হিসাব (মুনাফার অংশ) | | | |
| সৌরভ | ৭৭,৫২০ | | |
| রিফাত | ৭৭,৫২০ | | |
| | <u>২,০১,০০০</u> | | <u>২,০১,০০০</u> |

**প্রয়োজনীয় গণনা ও কার্যটীকা:**

১। অংশীদারদের মূলধন নির্ণয়:
সৌরভ-৬০,০০০×১২%=৭,২ ০০টাকা
রিফাত-(৪০ ,০০০×১২%) + (২০,০০০×১২%×৩/১২)=৫,৪০০ টাকা

২। রিফাতের কমিশন নির্ণয়:
মূলধনের সুদ ও বেতন সমন্বয় পরবর্তী নিট মুনাফা
= (২,০০,০০০+১,০০০) টাকা - (১২,৬০০+২৫,২০০)টাকা
= ১,৬৩,২০০ টাকা
অতএব, রিফাতের কমিশন- (১,৬৩,২০০ টাকা ×৫%)=৮,৯৬০ টাকা

৩। অংশীদারদের মুনাফা বণ্টনের অনুপাত নির্ণয়
চুক্তিপত্রে অংশীদারদের মধ্যে মুনাফা বণ্টনের হার উল্লেখ না থাকায় বাংলাদেশের প্রচলিত ভারতীয় অংশীদারি আইন ১৯৩২ এর বিধান অনুসারে সমান হারে লাভ-ক্ষতি বন্টন করা হয়েছে।
বন্টনযোগ্য মুনাফা১,৫৫,০৪০ টাকা, সৌরভ ও রিফাত- এর মধ্যে সমানভাবে অর্থাৎ ৭৭,৫২০ টাকা হারে বন্টন করা হয়েছে।

**৩(গ)নং প্রশ্নের উত্তর**

**সৌরভ ও রিফাত**

**অংশীদারদের চলতি হিসাব**

ডে.　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　ক্রে.

| তারিখ | বিবরণ | সৌরভ টাকা | রিফাত টাকা | তারিখ | বিবরণ | সৌরভ টাকা | রিফাত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | ২০১৯ | | | |
| ডিসে-৩১ | উত্তোলন হিসাব | ৮,০০০ | ৬,০০০ | ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | |
| ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | | - মূলধনের সুদ | ৭,২০০ | ৫,৪০০ |
| | -পণ্য উত্তোলন | ১,০০০ | | | - কমিশন | | ৮,৯৬০ |
| ডিসে-৩১ | ব্যালেন্স সি/ডি | ৯০,৯২০ | ৯৫,৮৮০ | | - বেতন | ১৪,৪০০ | ১০,৮০০ |
| | | | | | - মুনাফার অংশ | ৭৭,৫২০ | ৭৭,৫২০ |
| | | **৯৯,৯২০** | **১,০১,৮৮০** | | | **৯৯,৯২০** | **১,০১,৮৮০** |
| | | | | ২০২০ | | | |
| | | | | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৯০,৯২০ | ৯৫,৮৮০ |

# নমুনা প্রশ্ন-০৪

# [চট্টগ্রামশিক্ষা বোর্ড ২০১৯]

সাকিব,তামিম ও সৌম্য একটি অংশীদারি কারবারের ৩ জন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান যথাক্রমে ৩:২:১ অনুপাতে বন্টন করে নেয়। ২০১৯ সালের ১জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল শাকিব ৫০,০০০ টাকা, তামিম ৩০,০০০ টাকা এবং সৌম্য২০,০০০ টাকা। সাকিব প্রতিমাসে ৯০০ বেতন গ্রহণ করে। মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% আহারে সুদ ধার্য করার সিদ্ধান্ত হয়। তামিম ১ জুলাই তারিখে ৭,০০০ টাকা এবং সৌম্য ১ অক্টোবর তারিখে ৪,০০০ কাকা ব্যবসায়ী থেকে নগদ উত্তোলন করে। এছাড়া সাকিব ব্যবসা থেকে ৩,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে।শাকিবের বেতন দেবীর করার পর অন্যান্য সমন্বয় সাধন করার পূর্বে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের কারবারের লাভ ১৬,৭৬৫ টাকায় উপনীত হয়।

ক। নগদ উত্তোলনের সুদ নির্ণয় করো।

খ। লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুত করো।

গ। প্রতিষ্ঠান সাকিব ও সৌম্যের নিট দাবি নির্ণয় করো।

**৪(ক) নং প্রশ্নের উত্তর**

**নগদ উত্তোলনের সুদ নির্ণয়:**

| বিবরণ | টাকা |
|---|---|
| তামিমের উত্তোলনের সুদ (৭,০০০×৫%×৬/১২) | ১৭৫ |
| সৌমের উত্তোলনের সুদ (৪,০০০×৫%×৬/১২) | ৫০ |
| মোট = | ২২৫ |

## ৪(খ) নং প্রশ্নের উত্তর

সাকিব, তামিম ও সৌম্য
লাভ লোকসান আবন্টন হিসাব
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

ডে. ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব (মূলধনের সুদ) | | লাভ লোকসান হিসাব (নিট লাভ) | ১৬,৭৬৫ |
| সাকিব (,৫০,০০০×৫%) | ২,৫০০ | অংশীদারদের মূলধন হিসাব (উত্তোলনের সুদ) | |
| তামিম (৩০,০০০×৫%) | ১,৫০০ | তামিম | ১৭৫ |
| সৌম্য (২০,০০০×৫%) | ১,০০০ | সৌম্য | ৫০ |
| অংশীদারদের মূলধন হিসাব (মুনাফার অংশ) | | সাকিবের মূলধন হিসাব (পণ্য উত্তোলন) | |
| সাকিব (১৪,৯৯০×৩/৬) | ৭,৪৯৫ | | |
| তামিম (১৪,৯৯০×২/৬) | ৪,৯৯৭ | | |
| সৌম্য (১৪,৯৯০×১/৬) | ২,৪৯৮ | | |
| | ১৯,৯৯০ | | ১৯,৯৯০ |

## ৫(গ) নং প্রশ্নের উত্তর

অংশীদারদের মূলধন হিসাব

ডে. ক্রে.

| তারিখ | বিবরণ | সাকিব টাকা | সৌম্য টাকা | তারিখ | বিবরণ | সাকিব টাকা | সৌম্য টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | ২০১৯ | | | |
| ডিসে-৩১ | উত্তোলন হিসাব | | ৪,০০০ | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৫০,০০০ | ২০,০০০ |
| ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | | ডিসে-৩১ | লাভ-লোকসান আবন্টন হিসাব | | |
| | - পণ্য উত্তোলন | ৩,০০০ | | | - মূলধনের সুদ | ২,৫০০ | ১,০০০ |
| | - উত্তোলনের সুদ | | ৫০ | | - মুনাফার অংশ | ৭,৪৯৫ | ২,৪৯৮ |
| ডিসে-৩১ | ব্যালেন্স সি/ডি | ৫৬,৯৯৫ | ১৯,৪৪৮ | | | | |
| | | ৫৯,৯৯৫ | ২৩,৪৯৮ | | | ৫৯,৯৯৫ | ২৩,৪৯৮ |
| | | | | ২০২০ | | | |
| | | | | জানু-০১ | ব্যালেন্স বি/ডি | ৫৬,৯৯৫ | ১৯,৪৪৮ |

# নমুনা প্রশ্ন -০৫

# [সিলেট শিক্ষা বোর্ড ২০১৯]

বাবলু, হাবলু ও ডাবলু একটি অংশীদারি ব্যবসায় তিনজন অংশীদারি। তারা যথাক্রমে ৩:২:১ অনুপাতে লাভ-ক্ষতি বন্টন করে। ২০১৯ সালে তাদের উত্তোলন বেতন ও মুনাফা সমন্বয় এরপর মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,৮৬,০০০ টাকা, ১,৭৮,০০০ টাকা ও ১,৩৬,০০০ টাকা। বাবলুর মাসিক বেতন ছিল ১৮,০০০ টাকা। অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৫২,০০০ টাকা, ২২,০০০ টাকা ও ১৪,০০০ টাকা। বাবলুর বেতন বাদ দেয়ার পর কিন্তু মূলধনের সুদ ধার্য করার পূর্বে কারবারের মুনাফার পরিমাণ ছিল ১,৮০,০০০ টাকা। অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করার কথা থাকলেও সেটি করা হয়নি।

ক। অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো।

খ। অংশীদারদের সমন্বিত লাভ-ক্ষতি বিবরণী তৈরি করো।

গ। অংশীদারদের সমন্বিত মূলধন বিবরণী তৈরি করো।

## ৫(ক) নং প্রশ্নের উত্তর

**অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয়:**

| বিবরণ | বাবলু টাকা | হাবলু টাকা | ডাবলু টাকা |
|---|---|---|---|
| সমাপনী মূলধন (উত্তোলন, বেতন ও মুনাফা সমন্বয় এরপর) | ১,৮৬,০০০ | ১,৭৮,০০০ | ১,৩৬,০০০ |
| বাদ: বেতন | ১৮,০০০ | | |
| | ১,৬৮,০০০ | ১,৭৮,০০০ | ১,৩৬,০০০ |
| যোগ: উত্তোলন | ৫২,০০০ | ২২,০০০ | ১৪,০০০ |
| | ২,২০,০০০ | ২,০০,০০০ | ১,৫০,০০০ |
| বাদ: মুনাফার অংশ | ৯০, ০০০ | ৬০,০০০ | ৩০,০০০ |
| প্রারম্ভিক মূলধন | ১,৩০,০০০ | ১,৪০,০০০ | ১,২০,০০০ |

## ৫(খ) নং প্রশ্নের উত্তর

বাবলু, হাবলু ও ডাবলু

সমন্বিত লাভ-লোকসান বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমর্থ বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অসমন্বিত আয়সমূহ: | | -- -- |
| বাদ: অসমন্বিত ব্যয়সমূহ | | |
| অংশীদারদের সমন্বিত মূলধন বিবরণী (মূলধনের সুদ) | | |
| বাবলু (১,৩০,০০০×৫%) | ৬,৫০০ | |
| হাবলু (১,৪০,০০০×৫%) | ৭,০০০ | |
| ডাবলু (১,২০,০০০×৫%) | ৬,০০০ | |
| বন্টনযোগ্য ক্ষতির পরিমাণ | | ১৯,৫০০ |
| অংশীদারদের সমন্বিত মূলধন বিবরণী (সমন্বয় জনিত ক্ষতি) | | |
| বাবলু (১৯,৫০০×৩/৬) | ৯,৭৫০ | |
| হাবলু (১৯,৫০০×২/৬) | ৬,৫০০ | |
| ডাবলু (১৯,৫০০×১/৬) | ৩,২৫০ | |
| | | ১৯,৫০০ |

## ৫(গ) নং প্রশ্নের উত্তর

বাবলু, হাবলু ও ডাবলু

অংশীদারদের সমন্বিত মূলধন বিবরণী

| তারিখ | বিবরণ | বাবলু টাকা | হাবলু টাকা | ডাবলু টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ডিসে-৩১ | উদ্বৃত্ত | ১,৮৬,০০০ | ১,৭৮,০০০ | ১,৩৬,০০০ |
| ডিসে-৩১ | সমন্বিত লাভ-ক্ষতি বিবরণী - মূলধনের সুদ | ৬,৫০০ | ৭,০০০ | ৬,০০০ |
| | | ১,৯২,৫০০ | ১,৮৫,০০০ | ১,৪২,০০০ |
| ডিসে-৩১ | সমন্বিত লাভ-ক্ষতি বিবরণী - সমন্বয় জনিত ক্ষতি | ৯,৭৫০ | ৬,৫০০ | ৩,২৫০ |
| ডিসে-৩১ | উদ্বৃত্ত | ১,৮২,৭৫০ | ১,৭৮ ,৫০০ | ১,৩৮,৭৫০ |